গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
আইসিটি শাখা
www.narsingdi.gov.bd

জেলা আইসিটি কমিটি, নরসিংদী এর অক্টোবর, ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

---

সভাপতি সৈয়দা ফারহানা কাউনাইন
জেলা প্রশাসক
সভার তারিখ ২৩/১০/২০১৮ খ্রিস্টাব্দ
সভার সময় দুপুর ১২.৩০ টায়
স্থান আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী এর সম্মেলন কক্ষ
উপস্থিতি সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক” তে সংযোজিত

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সহকারী কমিশনার (আইসিটি), নরসিংদী গত ১৬/০৯/২০১৮ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন শুনান। কোন সংশোধনী না থাকায় স ভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সভাপতি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ও তথ্য প্রযুক্তি নির্ভর সমাজ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর বিষয়ভিত্তিক আলোচনাশেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।


| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | ১। জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>২। শিক্ষক বাতায়নঃ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষক বাতায়নের উপর গুরুত্বারোপ করেন এবং আগামী ২০২১ সালের মধ্যে ৯ লক্ষ শিক্ষককে "শিক্ষক বাতায়নে" অন্তর্ভূক্তকরণের কথা উল্লেখ করেন। সেই ধারাবাহিকতায় নরসিংদী জেলায় ০১ আগস্ট হতে ১০ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে এ জেলার সকল শিক্ষকদের "শিক্ষক বাতায়নে" অন্তর্ভূক্তকরণের উদ্যোগ গ্রহণ করা হয় এবং সফলভাবে নরসিংদী জেলার সকল শিক্ষককে শিক্ষক বাতায়নে নিবন্ধন সম্পন্ন করা হয়।<br><br>৩। ইমাম বাতায়নঃ ইমাম বাতায়নে ইমামগণের নিবন্ধন চলমান রয়েছে। অতি দ্রুত ইমাম বাতায়নের কাজ শেষ করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ করেন।<br><br>৪। কিশোর বাতায়নঃ জেলা ব্র্যান্ডিং কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ, কিশোর বাতায়ন এবং "আমার জেলা আমার অহংকার" বিষয়ক প্রতিযোগিতায় অংশগ্রহণে নিমিত্ত www.konnect.gov.bd তে রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হয়। | ১। জেলা পর্যায়ের সকল প্রতিষ্ঠানের প্রধান জনসেবামূলক তথ্য দিয়ে নিজ নিজ ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, জেলা অ্যাম্বাসেডর ও উদ্যোক্তাগণ এ কাজ অব্যহত রাখবেন।<br><br>৩। ইমাম বাতায়নে এ জেলার সকল ইমামদের পর্যায়ক্রমে অন্তর্ভূক্ত করতে হবে।<br><br>৪। শিক্ষার্থীদের পর্যায়ক্রমে কিশোর বাতায়নে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোডের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া আয় ও ব্যয়ের তথ্যাদি নিয়মিত উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। | উদ্যোক্তাগণ প্রতিদিনের আয়ের তথ্য প্রতিদিন **ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট** সিস্টেমে আপলোড করবেন এবং প্রতিমাসের ১৫ তারিখ এবং শেষদিন উপজেলা নির্বাহী অফিসার বরাবর আয়ের প্রতিবেদন প্রদান করবেন। উপজেলা নির্বাহী অফিসারগণ আবশ্যিকভাবে প্রতিমাসের ০১ এবং ১৬ তারিখের মধ্যে জেলা প্রশাসক বরাবর উদ্যোক্তাদের আয়ের তথ্য প্রদান করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। সহকারী কমিশনার (ভূমি) (সকল)<br>৩। উদ্যোক্তা (সকল) |
| ৩. | অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহের বিষয়ে আলোচনা করা হয়। | অনলাইনে পর্চা সরবরাহ করা হচ্ছে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৪. | ই- ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ নরসিংদী জেলা প্রশাসন সকল চিঠিপত্র ই- ফাইলিং সিস্টেমে দক্ষতার সাথে কার্যক্রম সম্পাদন করায় জুলাই ২০১৭ মাসে সারা বাংলাদেশে জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী দ্বিতীয় স্থান অর্জন করেছে এবং ঢাকা বিভাগে প্রথম স্থান অর্জন করেছে। জুলাই ২০১৭ মাস থেকে এ পর্যন্ত সেপ্টেম্বর, ২০১৮ মাস পর্যন্ত মাসে সারা বাংলাদেশে বি ক্যাটাগরি জেলা হিসেবে প্রথম স্থান অর্জন করেছে। যে সকল অফিসকে ই-ফাইল সিস্টেমের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের কোন সমস্যা থাকলে এ কার্যালয়কে জনানোর জন্য অনুরোধ করা হয়। | ১। সকল চিঠিপত্র ই- ফাইলিং সিস্টেমে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। যে সকল অফিসকে ই-ফাইল সিস্টেমের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে সে সকল অফিসের সমস্যা থাকলে এ কার্যালয়কে জনানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। যে সকল উপজেলা নির্বাহী অফিসার লাইভে আছেন তারাও ই-ফাইলিং কার্যক্রমে আরো মনোযোগী হবেন। | ১। জেলা প্রশাসকের কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) |
| ৫. | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানকে নিয়মিত সরকারি ই-মেইল ব্যবহার করার অনুরোধ জানানো হয়। | জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান |
| ৬. | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করে তার কার্যবিবরণী প্রতিমাসের ০৩ (তিন) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৭. | ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। | পাইলটিং শুরু হয়েছে পর্যায়ক্রমে সকল ইউডিসিতে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২, নরসিংদীকে অনুরোধ জানানো হয়। | জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২ নরসিংদী |
| ৮. | উদ্যোক্তার তথ্যঃ এ জেলার ৬টি উপজেলায় ৭১টি ইউনিয়নে ৭১ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারসহ আরো ১৫টি অতিরিক্ত ইউনিয়ন ডিজিটাল সেন্টার রয়েছে। প্রতিটি ডিজিটাল সেন্টারে একজন পুরুষ উদ্যোক্তার পাশাপাশি একজন নারী উদ্যোক্তা থাকার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নারী উদ্যোক্তাদের উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারদের নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>২। উদ্যোক্তা (সকল) |
| ৯. | বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্য | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার ও জেলা শিক্ষা অফিসার বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করে জেলা প্রশাসক বরাবর প্রতিমাসের ০৩ (তিন) তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), নরসিংদী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। জেলা শিক্ষা অফিসার |
| ১০. | জেলা পর্যায়ে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জেলা পর্যায়ে আইসিটি বিষয়ক বিভিন্ন প্রতিষ্ঠানের তথ্য নিয়মিত এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়। | ১। জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ১১. | মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি মাসে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) -০৪টি , উপজেলা নির্বাহী অফিসার -০২টি, সহকারী কমিশনার (ভূমি)-০২টি, জেলা শিক্ষা অফিসার -০৪টি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার -০৪টি, উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার -০৪টি ও একাডেমিক সুপারভাইজার -০৪টি মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শন করে জেলা প্রশাসক বরাবর প্রতিমাসের ০৩ (তিন) তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), নরসিংদী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল)<br>৪। জেলা শিক্ষা অফিসার<br>৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)<br>৬। উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৭। একাডেমিক সুপারভাইজার (সকল) |
| ১২. | জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | জনসেবায় Facebook এর ব্যবহার বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধান<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), নরসিংদী<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

পরিশেষে অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সৈয়দা ফারহানা কাউনাইন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮০০.১২২.০৩.০০৫.১৭- ২২৪

তারিখ: ৮ কার্তিক ১৪২৫
২৩ অক্টোবর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

৫) জেলা আইসিটি কমিটি



সৈয়দা ফারহানা কাউনাইন
জেলা প্রশাসক